আপনার নম্বরটি কতো

রাশেদ রায়হান

খুব অস্থির লাগছে শান্তার। মহা সমস্যা। জীবন এতো কঠিন, ধারণা ছিল না। ছয় মাস ধরে বন্ধুত্ব। তিন ছেলের সঙ্গে। অবস্থা এখন বদলাচ্ছে। শান্তা টের পায়। কথা বলার সময় তার হৃদস্পন্দনের দ্রুততা। মুরাদ, নাদিম, শামীম তিনজনকেই তার ভালো লাগে। ওরা ভালো বন্ধু ছিল। এখন আরো বেশি হতে চায়। শান্তারও এদের সান্নিধ্য ভালো লাগে। তিনজনের মধ্যে কাকে বেছে নেবে বুঝে না। কতো রকম হিসাব– ছেলে মানুষি, বান্ধবীদের পরামর্শ, কোনোটাতেই কাজ হয় না। শান্তার ইচ্ছে একেবারে বিয়ে করবে, সেক্ষেত্রে স্বামী হিসেবে ভালো হবে কে? যে প্রেমিক হিসেবে ভালো সে-ই? নাকি উল্টোটা। বিশ্ববিদ্যালয়ের ছাত্রজীবন ছিল এ থেকে সোজা। জীবনের হিসেব কীভাবে মেলানো যায়, আছে কোনো ফর্মুলা? শান্তা যে ফর্মুলা খুঁজছে তা পাওয়া সম্ভব না। তবে এর কাছাকাছি হয়তো কিছু দেয়া যেতে পারে। নতুন পুরনো সবাইকে বলছি, সংখ্যাতত্ত্বের মাধ্যমে কিছুটা বোঝা সম্ভব! আপনার সঙ্গী, আপনার সম্পর্ক। যদি আগে থেকে কিছু ধারণা পান তাহলে খারাপ কি? অন্ধকারে না হাতড়িয়ে অন্যের সম্পর্কে আগে থেকে জানা থাকলে অনেক কিছু সহজ হয়। সংখ্যাতত্ত্বের বিষয়টি খুব সহজ। প্রত্যেকটি অক্ষরকে একটি করে সংখ্যা প্রতিনিধিত্ব করে, সংখ্যাগুলো মৌলিক। ১ থেকে ৯ পর্যন্ত মান দেয়া।

A= ১, B= ২, C= ৩, D= ৪, E= ৫, F= ৬, G= ৭, H= ৮, I= ৯, J= ১, K= ২, L= ৩, M= ৮, N= ৫, O = ৬, P= ৯, Q= ৮, R= ৯, S= ১, T= ২, U= ৩, V= ৪, W= ৫, X= ৬, Y= ৭, Z= ৮.

এই সূত্রটি থাকলে চটপট আপনার বা পছন্দের কারো নামের সঙ্গে সংখ্যা বসিয়ে যোগফল জেনে নিন। যদি একাধিক নাম থাকে তাহলে যে নামটি বেশি পরিচিত বা ব্যবহৃত তা ব্যবহার করতে হবে। মুরাদের ক্ষেত্রে-

M+ U + R + A + D
৪ + ৩ + ৯ + ১ + ৪ = ২১ = ২+১=৩

শান্তার নিজের সংখ্যা-

S + A + N + T + A
১ + ১ + ৫ + ২ + ১ =১০=১

অনেকে আবার শান্তা লিখে এভাবে-

S + H + A + N + T + A

এ ক্ষেত্রে, SH-এর মান একসঙ্গে ৮ ধরতে হবে। এভাবে TH= ৮, CH= ৪, PH= ৩ ধরতে হবে।

যোগ করে পুরো মান জানা হলে নিজের পছন্দের মানুষের সম্পর্কে জেনে নিন।

১-প্রেমিক সংখ্যা

পছন্দের মানুষ তার প্রেম বা মনের আগ্রহ বুঝিয়ে দেন দ্রুত। তবে আকর্ষণকে ধরে রাখতে হলে চারপাশের খোঁজখবর রাখাটা জরুরি। শুধু শাড়ি, লিপস্টিক কিংবা 'রকগান ও ক্রিকেট' সম্বন্ধে জানলে চলবে না। আপনার সঙ্গী অনেক পরীক্ষা নেবেন। কখনো তা অত্যাচারের পর্যায়ে চলে যাবে। ধৈর্য থাকাটা খুব জরুরি।

জুটি : পহেলা নাম্বারের সঙ্গে শেষ নাম্বার, অর্থাৎ ৯। তবে নাম সংখ্যা ৪ ও ৮ আকর্ষিত হয়। ৬ এবং ৭-এর সঙ্গে না জড়ানো ভালো।

২- বাস্তববাদী সংখ্যা

এদের কাছে জীবনের সুখ এবং স্বাচ্ছন্দ্য মূল কথা। সঙ্গীর কাছ থেকে সবকিছু সমানভাবে আশা করে থাকে। বাস্তববাদী চিন্তাভাবনা এবং অহেতুক ঝুঁকি নেয়া এদের অপছন্দ। জীবনের বৈচিত্র্যে এরা ভীত। নতুন কিছু করা থেকে দূরে থাকতে চায়।

জুটি : ভালো মিলবে ৮ এর সঙ্গে। ৭, ৯, কিংবা ১ নামসংখ্যাধারীরাও টিকতে পারবেন। ৫-এর সঙ্গে থাকলে তৃতীয় বিশ্বযুদ্ধ হয়ে যাবে।

৩-বিশ্বপ্রেমিক

যাদের নাম সংখ্যা ৩ তারা প্রায় সব সময় সত্যি বলে। একটি সময় ছাড়া। তা হলো হৃদয় বা সম্পর্কের ক্ষেত্রে। এরা সব সময় সুন্দরের পূজারী। দেহ বা মন। এ ক্ষেত্রে চাওয়া-পাওয়ার শেষ নেই। এ জন্য নাম সংখ্যা ৩ হলে জেনে নিন বৈবাহিক অবস্থা কঠিন হতে পারে।

জুটি : সেরা জুটি হবে নাম সংখ্যা ৭। তবে ৫, ৬ এবং ৯-এর সঙ্গে দীর্ঘ সম্পর্ক হতে পারে। ৪ এবং ৮ এর সঙ্গে একেবারে মিলবে না।

৪- কনফিউজড্

এরা স্বাধীনচেতা, তবে বেশির ভাগ সময় সঙ্গীর হুকুম বা আবদার হাসিমুখে মেনে নেয়। অন্যের কাছ থেকে ভালোবাসা পেতে আগ্রহী। কাছে টানলে দ্বিধাহীনভাবে এগিয়ে যাবে, দূরে যাবার বেলায় এরা নির্দয়। হুট করে চলে যাবে। কিছু বলার প্রয়োজনীয়তা অনুভব করবে না। সঙ্গী/সঙ্গিনীকে অনেক সময় এমন কারণে পছন্দ করতে পারে যা জীবনযুদ্ধে গুরুত্বহীন।

জুটি : ভালো মানাবে ৬ গোত্রীয়দের সঙ্গে। নামসংখ্যা ১ এবং ৮-ও এদের সঙ্গে মানাবে। ৫ সংখ্যাধারীরা হবে দু চোখের বিষ।

৫-মহৎ

একবার কথা দিলে রাখবেই। বিয়ে, প্রেম এদের জন্য দীর্ঘমেয়াদি সিরিয়াস ব্যাপার। জীবনে একটি প্রেম। একটি বিয়ে। অনেক সময় সঙ্গী হারালে এরা নতুন সঙ্গী খোঁজে না। নিঃসঙ্গ জীবন বেছে নেয়। সঙ্গীর ব্যাপারে এরা সহমর্মী এবং অনুগত।

জুটি : নাম সংখ্যা ৫-এর সঙ্গেই। ৩, ৯ ও ১ সংখ্যাধারীদেরও পছন্দ করবে। বিপদ হবে নামসংখ্যা ৪-এর সঙ্গে।

৬-চাপা

সহজে কথা বলে না। বোঝাতে পারে না মনের আসল ভাব। অনেকে লাজুক। খেপে গেলে হিতাহিত জ্ঞানশূন্য হয়ে পড়ে। জীবনে একাধিক সম্পর্ক হতে পারে। কষ্ট পেলে এরা বলতে পারে না। তাই সঙ্গী খুব সমস্যায় পড়ে।

জুটি : ভালো সঙ্গী হবে ৪ এবং ২ নামধারী। ৩ এবং ৯ নামসংখ্যার ব্যক্তিও আকর্ষিত হবে। নামসংখ্যা যাদের ৫ তাদের সঙ্গে ঝগড়া-বিবাদ লেগেই থাকবে। একই পরিণতি হবে ১ এবং ৮-এর।

৭-অপরিপক্ক

বয়স হচ্ছে বোঝা যায় না। নিজেরাও বোঝে না। এজন্য বিপরীত লিঙ্গের প্রতি আগ্রহ কমে না। ছোঁক ছোঁক স্বভাব থেকে যায়। বিপরীত লিঙ্গের কাছ থেকে পাত্তা পাওয়া এরা উপভোগ করে। বিবাহিত জীবনে এর পরিবর্তন হয় না। তবে বয়স ৪০-এর ওপরে গেলে এদের চিন্তাধারা বদলায়। বহু লোক এদের পরিচিত এবং বন্ধু হয়।

জুটি : ভালো জুটি হবে ৩ ও ৫ সংখ্যার মানুষ, ২ এবং ৬ সংখ্যার লোকেরাও আকৃষ্ট হবে। নাম সংখ্যারাও আকৃষ্ট হবে। নামসংখ্যা ১ এবং ৯ হলে গন্ডগোল হবে সঙ্গীর সঙ্গে।

৮-অস্থির

এরা খুব ঘন ঘন মত পরিবর্তন করে। একাধিক বিয়ে এবং ডিভোর্স ঘটে এদের জীবনে। অস্থির বলে অন্যের পÿ তাল মেলানো কঠিন। এরা একসঙ্গে একাধিক সম্পর্কে জড়াতে পারে।

জুটি : নাম সংখ্যাধারী ২ ও ৫, ১ ও ৪ সংখ্যার লোকেরাও আকৃষ্ট হতে পারে। ৩ ও ৬ সংখ্যার সঙ্গে সম্পর্ক হবে তেল ও পানির মিশ্রণের মতো।

৯-অবলম্বনের খোঁজে

সাধারণত তাদের চেয়ে বয়সে বড় এমন মানুষকে পছন্দ করে। জীবনে নিরাপত্তা এদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ। অল্প বয়সে এরা প্রেমে পড়ে। অনেক সময় এটা অসুখী জীবনের মূল কারণ হয়।

জুটি : সেরা জুটি হবে ১ সংখ্যাধারীর সঙ্গে। তবে ২, ৩ ও ৬ নাম সংখ্যার সঙ্গে মানাবে। নাম সংখ্যা ৭ হলে সংসারে অশান্তি অবধারিত।

নামসংখ্যার মাধ্যমে সঙ্গীর চরিত্র কিছুটা হলেও জানলেন। শান্তার জন্য ব্যাপারটা সহজ। নিজের প্রেমিককে সে বেছে নিতে পারবে এখন। নাম সংখ্যা হয়তো সিদ্ধান্তে গুরুত্বপূর্ণ নির্ধারক হবে। হয়তো হবে না। তবে কোন সম্পর্কে কতোটুকু আশা করা যায় এটা বুঝতে শান্তার সুবিধা হবে। সুবিধাটি এখন নিতে পারেন আপনিও!

বইয়ের বিজ্ঞাপনে
বিশেষ ছাড়!

একুশে বইমেলা ২০০৬
উপলক্ষে সাপ্তাহিক ২০০০
বইয়ের বিজ্ঞাপনে
বিশেষ **ছাড়** দিচ্ছে।

শুধুমাত্র **ফেব্রুয়ারি** মাসের
জন্য প্রতি কলাম ইঞ্চি
৬০০ টাকার পরিবর্তে
মাত্র ৩৬০ টাকা

পূর্ণ পৃষ্ঠা সাদাকালো
৮০০০ টাকার পরিবর্তে
৪৮০০ টাকা

অর্ধ পৃষ্ঠা সাদাকালো
৫০০০ টাকার পরিবর্তে
৩০০০ টাকা

UvKv AMÖxg c`vb
Ki‡Z n‡e

সাপ্তাহিক ২০০০
৯৬-৯৭ নিউ ইস্কাটন রোড,
ঢাকা-১০০০
ফোন : ৯৩৫০৯৫১-৩
বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯